

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা বন কর্মকর্তার কার্যালয়
লাকসাম, কুমিল্লা ।

স্মারক নং- ৮৩

তারিখ : ১৫/১১/২০

বিষয়ঃ লাকসাম উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির সভার আহ্বান প্রসঙ্গে ।

উর্পর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী১৫/১১/২০ খ্রিঃ তারিখ সকাল ১১.০০
ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের
কার্যালয়ে উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে ।





উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো ।


উপজেলা বন কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা ।

প্রাপকঃ-

লাকসাম উপজেলা বন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা

তারিখ : ২৫/০২/২০

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মহব্বত আলী ভাইস চেয়ারম্যান, লাকসাম উপজেলা পরিষদ	সভাপতি	
০২	জনাব হারুন অর রশিদ চেয়ারম্যান উত্তরদা ইউনিয়ন পরিষদ লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৩	জনাব নিজাম উদ্দিন শামীম চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৪	মোঃ মোয়াজ্জেম হোসেন খন্দকার উপজেলা ফরেস্টার লাকসাম, কুমিল্লা।	সদস্য সচিব	 ২৫/০২/২০

লাকসাম উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মহকুত আলী
ভাইস চেয়ারম্যান, লাকসাম উপজেলা পরিষদ
সভার স্থানঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়
উপজেলা পরিষদ, লাকসাম
সভার সময় ও তারিখঃ সকাল ১১.০০ ঘটিকা, ২৫/১১/২০২০ খ্রিঃ
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচীঃ-

- ১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। উপজেলা বনায়ন নাসারি স্থানান্তর বিষয়ে আলোচনা।
- ৩। বিবিধ।

সভাপতি সভার প্রারম্ভে সম্মানিত উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপজেলা ফরেস্টার জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন খন্দকার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কাহারো কোন আপত্তি/সংযোগ/বিরোধজনক না থাকায় সভাপতি মহোদয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।

সদস্য সচিব সভাকে জানান যে, লাকসাম উপজেলা বনায়ন নাসারি অফিস আঙ্গিনায় বর্তমান উপজেলা পরিষদ নতুন ভবন নির্মানের স্বার্থে অন্যত্র নাসারি টি স্থানান্তর করা জরুরী। উপজেলা বনায়ন নাসারি নিজস্ব কোন জায়গা না থাকায় সদস্য সচিব সভাপতি মহোদয় কে জানান যে, নাসারি উপযোগী একটি স্থান নির্ধারণ করে দেওয়ার জন অনুমতি প্রয়োজন।

সিদ্ধান্তঃ

উপরোক্ত বিষয়ে আলোচনা ও পর্যালোচনা শেষে সভাপতি মহোদয় বলেন যে, লাকসাম স্টেডিয়াম সংলগ্ন জায়গাটিতে নাসারি স্থানান্তরের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মহকুত আলী)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ ও
সভাপতি

বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। জনাব.....
- ০৪। অফিস কপি।

তারিখঃ

11/12/20
20/11/20
(মোয়াজ্জেম হোসেন খন্দকার)
উপজেলা ফরেস্টার
লাকসাম, কুমিল্লা